

৩। "অন্ধকারে তিন পাহাড়ে ট্রেনের থেকে নেমে,  
হাওয়াবিলাসী তিনজোড়া চোখ আটকে গেল ফ্রেমে।"

ক) কোন কবিতায় কার লেখা?

খ) প্রসঙ্গ নির্দেশ কর?

গ) ছত্রগুলির তাৎপর্য বিচার কর।

১+১+৩

উত্তরঃ

ক) আলোচ্য ছত্রগুলি "তিন পাহাড়ের কোলে " কবিতায়  
শক্তি চট্টোপাধ্যায়ের লেখা ।

খ) তিন পাহাড়ের কোলে বেড়াতে গিয়ে তিনজন  
যুবকের তিনজোড়া চোখ সেখানকার প্রাকৃতিক  
সৌন্দর্যে আটকে যায় । কবি তিন পাহাড়ের প্রাকৃতিক  
সৌন্দর্যের বর্ণনা প্রসঙ্গে কবি উক্ত ছত্রগুলি বলেছেন ।

গ) কবি পাহাড়ের কোলে নাগরিক জীবনের যন্ত্রণা থেকে মুক্তির আনন্দ খুঁজে পেয়েছেন। শহরবাসীর জীবন যেন খাঁচায় বন্দী পাখির মতো। শহরের সেই বন্দী জীবন, জীবনের ব্যস্ততা ও ভিড় থেকে মুক্তি পেতে তিন যুবক তিন পাহাড়ের কোলে বেড়াতে গেছেন। সেখানকার অনুপম প্রাকৃতিক সৌন্দর্য দেখে তাঁরা মুগ্ধ হন। সেখানকার দৃশ্য ছবির মত সুন্দর এবং সেখানকার নির্জনতা সৌন্দর্যের আবহ সৃষ্টি করে। এছাড়া সেখানকার প্রাকৃতিক সৌন্দর্যে তারা অভিভূত হয়ে পড়ে। আর সেই সৌন্দর্য দেখে তিন যুবকের মনে হয় যেন ফ্রেমে বাঁধা একটি অনিন্দ্যসুন্দর ছবি।

৪। "জনমানববিহীন স্টেশন, আকাশ ভরা তারায়,  
এমন একটি দেশে আসলে সঙ্কলে পথ হারায়।"

ক) কোন কবিতায় কার লেখা?

খ) সেখানকার প্রাকৃতিক সৌন্দর্য কীরূপ?

গ) ছত্রগুলির তাৎপর্য বিচার কর।

১†১†৩

উত্তরঃ

ক) আলোচ্য ছত্রগুলি "তিন পাহাড়ের কোলে " কবিতায়  
শক্তি চট্টোপাধ্যায়ের লেখা ।

খ) সেখানকার প্রাকৃতিক সৌন্দর্য খুবই মনোরম।

চারদিক জনমানবহীন, নিস্তন্ধ ও নির্জন । কোনো দিকে  
কোনো সাড়াশব্দ নেই । সন্ধ্যার আকাশ তারায় ভরা।

চারদিকে পাহাড়ে ঘেরা, সবুজ গাছপালায় ঢাকা।

ঝরনা, কাঁদড়, টিলা ও পাথরের ছড়াছড়ি । তাই কোনো  
দিকে যাবার তৈরী পথ নেই।

৪। গ) কবি পাহাড়ের কোলে নাগরিক জীবনের যন্ত্রণা থেকে মুক্তির আনন্দ খুঁজে পেয়েছেন। শহরবাসীর জীবন যেন খাঁচায় বন্দী পাখির মতো। শহরের সেই বন্দী জীবন, জীবনের ব্যস্ততা ও ভিড় থেকে মুক্তি পেতে তিন যুবক তিন পাহাড়ের কোলে বেড়াতে গেছেন। সেখানকার অনুপম প্রাকৃতিক সৌন্দর্য দেখে তাঁরা মুগ্ধ হন। জনমানবহীন সেই স্টেশন, যদিকে তাকানো যায় সেদিকে তৈরি কোনো পথ নেই। তাই এমন একটি জায়গায় এসে সকলে পথ হারায়। এছাড়া যদিকে তাকানো যায় সেদিকে ঝরনা, কাঁদড়, টিলা ও পাথরের ছড়াছড়ি। অন্ধকার আকাশে তারাদের জোনাকির মতো মিটমিটিয়ে করে জ্বলা – এসব তিন যুবকের মনকে মুগ্ধ ও অভিভূত করে। তাই এরূপ স্থানে এলে সকলেরই পথ ভুল হয়।